

“সময় মত কর দিব
দেশ গড়ায় অংশ নিব”



“আমরা বদলে যাব
আমরা বদলে দিব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১১, ঢাকা।
৯, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা।

আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং
ইত্যাদি বাবদ বিদেশ প্রেরিত আয়ের উপর উৎসে কর কর্তন ও জমাদান।

আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা (পূর্বের ৫২Q) অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত অর্থ কোন ব্যক্তির হিসেবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রাপকের হিসেবে অর্থ পরিশোধ বা জমা প্রদানকালে উক্ত পরিশোধিত বা জমাকৃত অর্থের উপর ১০% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। বিদেশ হতে প্রেরিত অর্থ হতে কর কর্তনের এই বিধান এবং জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন সংক্রান্ত সর্বশেষ অধিক্ষেত্র আদেশ ২০/০৮/২০২৩ইং তারিখ অনুযায়ী সমগ্র বাংলাদেশের কর্তিত কর, কর অঞ্চল-১১, ঢাকা এর অধিক্ষেত্রাধীন। এ বিষয়ে আপনার ব্যাংক কর্তৃক কর্তিত ১২৪ ধারার (পূর্বের ৫২Q) সকল উৎসে কর, কর অঞ্চল-১১, ঢাকার অনুকূলে নির্ধারিত কোড এর জমাদানের জন্য অনুরোধ করা হলো।

আয় কর জমার কোড :

কোম্পানী করদাতার জন্য : ১-১১৪১-০০৯০-০১০১
ব্যক্তি করদাতার জন্য : ১-১১৪১-০০৯০-০১১১

অনলাইন কোড (আইবাস)

কোম্পানী করদাতার জন্য : ১১১০২১৫১০২৪২৭-১১০০০০০০০-১১১২১০১
ব্যক্তি করদাতার জন্য : ১১১০২১৫১০২৪২৭-১১০০০০০০০-১১১১১০১

১২৪ ধারায় (পূর্বের ৫২Q) উৎসে কর্তিত কর, কর অঞ্চল-১১ এর নির্ধারিত কোডে জমা প্রদানে ব্যর্থ হলে
আয়কর আইন, ২০২৩ এর ধারা-১৪৩ অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

(রওনক আফরোজ)

কর কমিশনার

কর অঞ্চল-১১, ঢাকা

ফোনঃ ২২৩৩৮৮০৮৭।

বিস্তারিত : Website: www.taxeszone11dhaka.gov.bd